গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
গাইবান্ধা
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)

স্মারক নং-৫১.০১.৩২০০.০২৪.৪১.০০৬.২৩. ৪৪৪ তারিখঃ ২৫/০৯/২০২৩ খ্রি.

বিষয়ঃ **২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক বরাদ্দের (১ম পর্যায়) প্রকল্পে খাদ্যশস্য (চাল) উপ-বরাদ্দ প্রদান।**

সূত্রঃ ১) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকার স্মারক নং- ৫১.০১.০০০০.০১১.১৪.০০১.২৩.২৪৯ তারিখঃ ১৩/০৮/২০২৩ খ্রি.
২) উপজেলা নির্বাহী অফিসার, সাদুল্লাপুর এর স্মারক নং-৫১.০১.৩২৮২.০০০.৪১.০০৭.২৩.৪২ তারিখঃ ১৪/০৯/২০২৩ খ্রি.
৩) উপজেলা নির্বাহী অফিসার, পলাশবাড়ী এর স্মারক নং-৫১.০১.৩২৬৭.০০০.৪১.০০২.২৩.৪৬৭ তারিখঃ ১৭/০৯/২০২৩ খ্রি.
৪) উপজেলা নির্বাহী অফিসার, ফুলছড়ি এর স্মারক নং-৫১.০১.৩২২১.০০০.৪১.০১০.২৩.৩৭৪ তারিখঃ ১৮/০৯/২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচির আওতায় নির্বাচনী এলাকা ভিত্তিক বরাদ্দের (১ম পর্যায়) প্রকল্প বাস্তবায়নের জন্য ১নং সূত্রোস্থ স্মারকে বরাদ্দকৃত খাদ্যশস্য (চাল) এর বিপরীতে ২,৩ ও ৪নং সূত্রোক্ত স্মারকে দাখিলকৃত প্রকল্পসমূহ ১৭/০৯/২০২৩ খ্রি. তারিখের জেলা কর্ণধার কমিটির সভায় অনুমোদিত হয়েছে। অনুমোদিত প্রকল্পসমূহের কাজ সর্বশেষ কাবিখা নির্দেশিকা ও বরাদ্দ পত্রের নির্দেশনা অনুযায়ী শুরু করে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে উপজেলার পাশে উল্লিখিত পরিমাণ খাদ্যশস্য (চাল) নির্দেশক্রমে উপ-বরাদ্দ প্রদান করা হলোঃ

| ক্রঃ নং | উপজেলার নাম | অনুমোদিত প্রকল্প সংখ্যা | উপ-বরাদ্দকৃত খাদ্যশস্য (চাল) এর পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | সাদুল্লাপুর | ০৪টি | ৩১.৫০০ মে.টন | |
| ২ | পলাশবাড়ী | ০৩টি | ৩১.৫০০ মে.টন | |
| ৩ | ফুলছড়ি | ০৫টি | ৩০.০০০ মে.টন | |

শর্তাবলীঃ

১। ২০২৩-২০২৪ অর্থ বছরে ১ম কিস্তির বরাদ্দের বিপরীতে প্রকল্প গ্রহণ, বাস্তবায়ন আগামী ৩০/০৯/২০২৩ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;

২। এ কর্মসূচির খাদ্যশস্য (চাল) ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৩। এ কর্মসূচির প্রকল্প গ্রহণ/বাছাই গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা-২০২১ এর অনুচ্ছেদ-৩,৪ ও ৫ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৪। প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করা। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করা, যাতে কর্মত্তোর জরিপের সাথে তুলনা করা সম্ভব হয়: প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করতে হবে।

৫। নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে প্রচলিত বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৬। প্রকল্প সুষ্ঠু বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/ জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে।

৭। বরাদ্দ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষাঙ্গিক কাজ সম্পন্ন করে প্রকল্পের কাজ শুরু নিশ্চিত করা। অব্যয়িত খাদ্যশস্য (চাল) যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে।

৮। নতুনভাবে তৈরিকৃত/সংস্কারকৃত গ্রামীণ রাস্তার দুই পার্শ্বে স্থানীয় কৃষি বিভাগের সাথে পরামর্শক্রমে তালগাছের চারা রোপনের কার্যক্রম অন্তর্ভূক্ত করতে হবে।

৯। গৃহীত/ প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে বরাদ্দকৃত খাদ্যশস্য (চাল) ছাড় করতে হবে।

১০। উক্ত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলে ২য় কিস্তির বরাদ্দ বিবেচনা করা হবে না।

১১। প্রকল্প বাস্তবায়নের মাসিক অগ্রগতির প্রতিবেদন যথারীতি এ কার্যালয়ে এবং দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করে নির্ধারিত সময়ের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করতে হবে।

১২। এই ব্যয় ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট কোড নং- ১৪৯০১০১-২১১০০০২০৩-৩৭২২১০১ খাত হতে নির্বাহ করা হবে।

১৩। নিরীক্ষার জন্য মাস্টার রোল, ভাউচার ও অন্যান্য রেকর্ডসমূহ যথারীতি সংরক্ষণ করবেন।

সংযুক্তঃ প্রকল্প তালিকা পাতা।

(জুয়েল মিয়া)
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (ভাঃ)
গাইবান্ধা
মোবাইল নম্বরঃ ০১৭০০-৭১৬৭৩৪
ই-মেইল-drrogaibandha@gmail.com

উপজেলা নির্বাহী অফিসার
সাদুল্লাপুর/পলাশবাড়ী/ফুলছড়ি
গাইবান্ধা।

চলমান-০২

স্মারক নং-৫১.০১.৩২০০.০২৪.৪১.০০৬.২৩.                                   তারিখঃ        /০৯/২০২৩ খ্রি.

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা গাইবান্ধা-       ।

২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

৩। উপপরিচালক (বাজেট/হিসাব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

৪। উপপরিচালক (কাবিখা-১), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাদুল্লাপুর/পলাশবাড়ী/ফুলছড়ি, গাইবান্ধা।

৬। জেলা খাদ্য নিয়ন্ত্রক, গাইবান্ধা।

৭। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, সাদুল্লাপুর/পলাশবাড়ী/ফুলছড়ি, গাইবান্ধা।

৮। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, সাদুল্লাপুর/পলাশবাড়ী/ফুলছড়ি, গাইবান্ধা। তাঁকে জরুরী ভিত্তিতে প্রকল্প ছক দাখিল পূর্বক কাবিখা নির্দেশিকা ২০২১, মূল বরাদ্দপত্র ও সর্বশেষ নির্দেশাবলী অনুসরণ করতঃ প্রকল্প বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো।

৯। সিএ টু ডিসি, গাইবান্ধা (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

//

(জুয়েল মিয়া)

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (ভাঃ)

গাইবান্ধা

২০২৩-২৪ অর্থ বছরে

গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচীর আওতায় **কাবিখা নির্বাচনী এলাকা ভিত্তিক (১ম** পর্যায়) মাননীয় সংসদ সদস্য মহোদয় কর্তৃক বরাদ্দকৃত খাদ্যশস্য চালের বিপরীতে গৃহীত প্রকল্পের তালিকা নিম্নরূপঃ-

উপজেলাঃ সাদুল্লাপুর | জেলাঃ গাইবান্ধা।

বরাদ্দঃ =৩১.৫০০ মে.টন (চাল) | প্রকল্প সংখ্যাঃ ০৪ টি

| প্রকল্প নং | ইউনিয়ন | প্রকল্পের নাম | বরাদ্দকৃত খাদ্যশস্য (মে.টন) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৬ |
| ০১ | নলডাঙ্গা | খামার দশলিয়াস্থ ডা.খাজার বাড়ি হতে টিটু সাহেবের বাড়ি অভিমূখে রাস্তায় ইটের সলিংকরণ ও মাটির কাজ। | ৮.০০০ | |
| ০২ | ইদিলপুর | কুঞ্জ মহিপুরের ওসমান বিডিআর এর বাড়ি হতে পূর্বদিকে মরহম বীর মুক্তিযোদ্ধা দেলোয়ার হোসেনের বাড়ি অভিমূখে রাস্তায় ইটের সলিংকরণ ও মাটির কাজ। | ৮.০০০ | |
| ০৩ | জামালপুর | পাতিল্যাকুড়া চক দাড়িয়া লালুর বাড়ী হতে দাউদপুরের সীমানা পর্যন্ত রাস্তা সংস্কার। | ৮.০০০ | |
| ০৪ | বনগ্রাম | দক্ষিণ কাজীবাড়ি সন্তোলা আলোর বাড়ি হতে কানু মাস্টারের বাড়ি অভিমূখে রাস্তায় ইটের সলিংকরণ ও মাটির কাজ। | ৭.৫০০ | |
| | | কথায়: একত্রিশ দশমিক পাঁচ শূণ্য মেট্রিক টন মাত্র। | =৩১.৫০০ | |

২৪/০৮/২৩

**মোহাম্মদ রেজাউল করিম**
উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার
সাদুল্লাপুর, গাইবান্ধা।

২৪/০৮/২৩

**মোঃ কাওছার হাবীব**
উপজেলা নির্বাহী অফিসার
সাদুল্লাপুর, গাইবান্ধা।

অনুমোদিত

অনুমোদন করা যেতে পারে

**(জুয়েল মিয়া)**
**সহকারী কমিশনার**
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (ভাঃ)
গাইবান্ধা।

২৫/৯/২৩

**(কাজী নাহিদ রসুল)**
জেলা প্রশাসক
গাইবান্ধা

২৫/৯/২৩